

পশ্চিমবঙ্গ সরকার
প্রাণী সম্পদ বিকাশ বিভাগ, দক্ষিণ দিনাজপুর
বকুলতলা, ডি.এম ক্যাম্পাস, বালুরঘাট
প্রাণী মিত্রা (ক্ষুদ্র প্রাণী পালন সহায়িকা)
(একটি স্ব-নিযুক্তি কর্মসূচী প্রকল্প)

নির্বাচন সম্পর্কিত

বিজ্ঞপ্তি

স্মারক সংখ্যা: ৪৪ /ডিডি, এআরডি, ডিডি

তারিখ: বালুরঘাট, ১৫।০১।২০১৪

এতদ্বারা সরকারি আদেশনামা ১৬৪-এ.আর-এ্যান্ড এ.এইচ/৪এ-৯৩/১২ তারিখ ২৯-০১-২০১৩ অনুসারে জানানো যাইতেছে যে ছোটো গৃহপালিত প্রাণী (ছাগল,ভেড়া,শূকর ইত্যাদি), হাঁস এবং মুরগীর আরো বেশী করে টীকাকরণ/প্রাথমিক সুশ্রুষ্ণা/কৃমিনাশক ঔষধ প্রয়োগ ইত্যাদির লক্ষ্যে দক্ষিণ দিনাজপুর জেলার প্রতিটি গ্রাম পঞ্চায়েতে স্বনিযুক্তি প্রকল্পে ২(দুই) জন করে মহিলা 'প্রাণী মিত্রা' নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

আবেদনকারী মহিলাদের যোগ্যতা নিম্নরূপ হতে হবে -

১। শিক্ষাগত যোগ্যতা - মাধ্যমিক বা সমতুল্য

২। বয়স - ২৫ থেকে ৩৫ বছরের মধ্যে (১লা জানুয়ারী, ২০১৪ তারিখে)।

৩। যে গ্রাম পঞ্চায়েতের জন্য নিযুক্ত হবেন তাকে বাধ্যতামূলক ভাবে সেই গ্রাম পঞ্চায়েতের স্থায়ী বাসিন্দা হতে হবে।

৪। স্বনির্ভর দলের সদস্যেরা অগ্রাধিকার পাবেন।

এটি কোনো চাকরী নয়। নির্বাচিত "প্রাণী মিত্রা" নির্দিষ্ট এলাকার প্রাণী চিকিৎসক এবং বিএলডিও এর নির্দেশ এবং তত্ত্বাবধানে এবং প্রাণী সম্পদ বিকাশ সহায়ক (এল.ডি.এ) -র সাথে সমন্বয় সাধন করে কাজ করবেন। আগ্রহী মহিলারা নির্দিষ্ট বয়ানে (সংযোজিত করা হল) সাদা কাগজে আবেদন পত্র আগামী ২৯/০১/২০১৪ তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিএলডিও অফিসে জমা দেবেন। যোগ্য প্রার্থীদের সংশ্লিষ্ট বিএল.ডি.ও এবং বি.ডি.ও অফিসে আবেদন পত্র গ্রহণের শেষ তারিখ থেকে ১৪ দিন পর টাঙিয়ে দেওয়া হবে। যোগ্য প্রার্থীদের দক্ষিণ দিনাজপুর জেলাশাসক অফিস, বালুরঘাট-এ ইন্টারভিউ-র সম্মুখীন হতে হবে নির্বাচিত হওয়ার জন্য। ইন্টারভিউ-র তারিখ সংশ্লিষ্ট বিএল.ডি.ও / বি.ডি.ও অফিস থেকে নিজ দায়িত্বে জেনে নিতে হবে। নির্বাচিত "প্রাণী মিত্রা"-কে কাজ শুরু করার আগে দেড় মাসের হাতে কলমে ট্রেনিং দেওয়া হবে। তিনি সরকার নির্ধারিত একটি চুক্তিপত্রে স্বাক্ষর করার পরে, তাঁকে কাজ শুরুর অনুমতি দেওয়া হবে। এই কাজের জন্য নির্বাচিত প্রশিক্ষিত প্রাণী মিত্রা রা সরকারী ভাবে কোন ভাতা / মাইনে বা অনুদান পাবেন না বা এই জাতীয় দাবী করতে পারবেন না।

"প্রাণী মিত্রা"-কে সরকারের কাছ থেকে নির্ধারিত মূল্যে টীকা কিনে গ্রামে ঘুরে ঘুরে গ্রামবাসীদের ছাগল, ভেড়া শূকর, হাঁস, মুরগী ইত্যাদি প্রাণীদের টীকা করতে হবে। বিনিময়ে প্রাণী মিত্রা গ্রামবাসীদের কাছ থেকে প্রাণী পিছু সরকার নির্ধারিত পারিশ্রমিক নেবেন। বি এল ডি ও নির্ধারিত মাসিক ও বাৎসরিক টীকাকরণের লক্ষ্য মাত্রা পূরণ করতে হবে। প্রয়োজনে আবেদনকারীর সংশ্লিষ্ট ব্লকের বিএল ডিও-এর সাথে যোগাযোগ করতে পারেন।

১৫/০১/১৪

সদস্য সচিব, নির্বাচন কমিটি (প্রাণী মিত্রা)

ও

উপ অধিকর্তা, প্রাণী সম্পদ বিকাশ বিভাগ, দক্ষিণ দিনাজপুর

আবেদন পত্রের বয়ান

প্রতি,

মাননীয় সদস্য সচিব, নির্বাচন কমিটি (প্রাণী মিত্রা), দক্ষিণ দিনাজপুর

ও

উপ অধিকর্তা, প্রাণী সম্পদ বিকাশ বিভাগ, দক্ষিণ দিনাজপুর

বিষয় : স্বনিযুক্তি প্রকল্পে 'প্রাণীমিত্রা' হওয়ার আবেদন।

মহাশয়,

আমি আপনার বিজ্ঞপ্তি সংখ্যা : ৪৪

তারিখ: বালুরঘাট, ১৫।০১।২০১৪ এর পরিপ্রেক্ষিতে

প্রাণী মিত্রা হিসাবে -----রকে -----গ্রাম পঞ্চায়েতে নিযুক্ত হইবার জন্য নিম্নলিখিত
বয়ানে আবেদন করিতেছি।

১। আবেদনকারীর নাম : শ্রীমতি

২। পিতা/স্বামীর নাম :

৩। জন্ম তারিখ :

৪। বয়স (১লা জানুয়ারী, ২০১৪ তে) :

৫। গ্রাম পঞ্চায়েত :

৬। স্থায়ী ঠিকানা :

ক) গ্রাম -

খ) পোস্ট অফিস(পিনকোড সহ)-

গ) ব্লক -

ঘ) থানা-

৭। মোবাইল থাকিলে নং :

৮। শিক্ষাগত যোগ্যতা :

৯। স্বনির্ভর গোষ্ঠীর সদস্য কিনা : হ্যাঁ/না গোষ্ঠীর নাম :

১০। ছোট প্রাণী যেমন ছাগল,ভেড়া, হাঁস, মুরগী পালন/টীকাকরণ এর অভিজ্ঞতা আছে কিনা : হ্যাঁ/না

তারিখ:

আবেদনকারীর স্বাক্ষর

বয়স,গ্রাম পঞ্চায়েতের স্থায়ী ঠিকানা (এপিক কার্ড/রেশন কার্ড/গ্রাম পঞ্চায়েতের শংসাপত্র) গোষ্ঠীর আন্তর্ভুক্তির ও
শিক্ষাগত যোগ্যতার শংসাপত্রের প্রত্যায়িত নকল অবশ্যই আবেদন পত্রের সহিত সংযোজিত করিতে হইবে।